# রেজিস্ট্রারের কার্যালয়

## বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১২১৭৭৪৩১, ০১৭৭২-৯৯১৫১৫, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭

web:www.bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd


স্মারক নং- বিইউ/রেজি/সংস্কৃতি ও উৎসব/ভলি-৩/২৭৩/২০২৪/৪০৮৩

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ০৮ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

## নোটিশ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের জানানো যাচ্ছে যে, শহিদ বুদ্ধিজীবী দিবস (১৪ ডিসেম্বর ২০২৫) এবং মহান বিজয় দিবস (১৬ ডিসেম্বর ২০২৫) উদযাপন উপলক্ষে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

| তারিখ | কর্মসূচি | সময় | স্থান | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কমিটি/দপ্তর |
|---|---|---|---|---|
| ১৪ ডিসেম্বর (শহিদ বুদ্ধিজীবী দিবস) ২০২৫ | জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন | সূর্যোদয়ের সাথে সাথে | বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস | সিকিউরিটি শাখা, রেজিস্ট্রারের কার্যালয় |
| | বধ্যভূমিতে পুষ্পস্তবক অর্পণ | সকাল ০৮:৩০ টা | ত্রিশ গোডাউন | পুষ্পস্তবক ও ব্যানারের ব্যবস্থা করবে রেজিস্ট্রারের কার্যালয় |
| | আলোচনা সভা | বেলা: ১১:০০ টা | কীর্তনখোলা হল | পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা<br>লজিস্টিক সাপোর্ট-রেজিস্ট্রারের কার্যালয় |
| | বিশেষ প্রার্থনা | বাদ যোহর | মসজিদ | কেন্দ্রীয় মসজিদ কমিটি |
| | | দুপুর ১:০০ টা | মন্দির | কেন্দ্রীয় মন্দির কমিটি |
| ১৬ ডিসেম্বর (মহান বিজয় দিবস) ২০২৫ | পতাকা উত্তোলন | সূর্যোদয়ের সাথে সাথে | বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস | সিকিউরিটি শাখা, রেজিস্ট্রারের কার্যালয় |
| | গার্ড অফ অনার গ্রহণ | সকাল ৯:০০ টা | ক্যাম্পাসের পতাকা স্ট্যান্ড সংলগ্ন | বিএনসিসি সেনা ও নৌ শাখা এবং রোভার স্কাউট |
| | বিজয়র‍্যালি | সকাল ৯:৩০ টা | ক্যাম্পাস প্রদক্ষিণ | পরিচালক, ছাত্র-শিক্ষক কেন্দ্র |
| | শ্রদ্ধাঞ্জলি নিবেদন | বিজয়র‍্যালি শেষে | ডিসি অফিস সংলগ্ন শহিদ মুক্তিযোদ্ধা স্মৃতি ফলক | পরিচালক, ছাত্র-শিক্ষক কেন্দ্র এর ব্যবস্থাপনায় শ্রদ্ধা নিবেদন করবেন মাননীয় উপাচার্য, ডিন মহোদয়গণ, রেজিস্ট্রার মহোদয় ও দপ্তর প্রধানগণ।<br>পুষ্পস্তবক ও ব্যানারের ব্যবস্থা করবে রেজিস্ট্রারের কার্যালয়। |
| | সাংস্কৃতিক অনুষ্ঠান (মঞ্চের লাইট, ব্যানার ও সাউন্ড সিস্টেম) | দুপুর ২:৩০ টা | মুক্তমঞ্চ | কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটি |
| | প্যান্ডেল ও মঞ্চ নির্মাণ | | মুক্তমঞ্চ | **দায়িত্বপ্রাপ্ত কমিটিঃ**<br>১। **ড. নাহিদা আক্তার**, পরিচালক, শারীরিক শিক্ষা অফিস-আহ্বায়ক<br>২। **জনাব আবু মুহম্মদ বশির**, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর অফিস -সদস্য<br>৩। **জনাব মোঃ সাইদুজ্জামান**, সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রারের কার্যালয়-সদস্য-সচিব |
| | আপ্যায়ন | | | **জনাব মোঃ দিদার হোসেন খান**<br>উপরেজিস্ট্রার, রেজিস্ট্রারের কার্যালয় |

ক) আগামী ১৪ ডিসেম্বর ২০২৫ তারিখ শহিদ বুদ্ধিজীবী দিবস এবং ১৬ ডিসেম্বর ২০২৫ তারিখ মহান বিজয় দিবস উদযাপনের জন্য গৃহীত কর্মসূচিসমূহের সামগ্রিক শৃঙ্খলা বজায় রাখার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের **প্রক্টরিয়াল বডি, বিএনসিসি (সেনা ও নৌ) ও রোভার স্কাউট** দায়িত্ব পালন করবে।

# রেজিস্ট্রারের কার্যালয়
## বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১২১৭৭৪৩১, ০১৭৭২-৯৯১৫১৫, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web:www.bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd

খ) ১৬ ডিসেম্বর ২০২৫ তারিখ মহান বিজয় দিবস উদযাপনের জন্য বিজয় র‍্যালিতে **একটি কেন্দ্রীয় ব্যানার** থাকবে।

গ) ১৪ ও ১৬ ডিসেম্বর ২০২৫ তারিখের সকল আয়োজনের প্রয়োজনীয় বাজেট **রেজিস্ট্রার বরাবর আগামী ০৯/১২/২০২৫ তারিখ পূর্বাহ্নের** মধ্যে দাখিল করতে হবে এবং রেজিস্ট্রারের কার্যালয় নথির মাধ্যমে অর্থ অনুমোদনের ও ছাড়করণের ব্যবস্থা গ্রহণ করবে।

ঘ) ১৪ ডিসেম্বর ২০২৫ তারিখ গাড়ির সিডিউল-

- সকাল ৮:০০ টায় ক্যাম্পাস থেকে ছেলেদের হলের শিক্ষার্থীদের জন্য একটি গাড়ি এবং মেয়েদের হলের শিক্ষার্থীদের জন্য একটি গাড়ি সরাসরি বধ্যভূমিতে যাবে।
- সকাল ৮:০০ টায় শহর থেকে শিক্ষার্থীদের গাড়িগুলো সরাসরি বধ্যভূমিতে যাবে।
- সকাল ৮:০০ টায় ক্যাম্পাস থেকে শিক্ষকদের জন্য একটি এবং কর্মকর্তা ও কর্মচারীদের জন্য একটি গাড়ি সরাসরি বধ্যভূমিতে যাবে।
- সকাল ৮:০০ টায় শহর থেকে শিক্ষকদের জন্য একটি এবং কর্মকর্তা ও কর্মচারীদের জন্য একটি গাড়ি সরাসরি বধ্যভূমিতে যাবে।
- গাড়ির সিডিউল ব্যবস্থাপনার দায়িত্বে থাকবেন **পরিচালক, ছাত্র-শিক্ষক কেন্দ্র ও ম্যানেজার, পরিবহণ পুল**।

ঙ) উল্লিখিত কর্মসূচিতে সকলকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। তবে উল্লেখ্য যে, ১৪ ডিসেম্বর ২০২৫ শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ক্লাস কার্যক্রম বন্ধ থাকবে, তবে দপ্তরসমূহ যথারীতি খোলা থাকবে। আরও উল্লেখ্য যে, ১৬ ডিসেম্বর ২০২৫ তারিখ কাজ নেই মজুরি নেই ভিত্তিক কর্মচারীদের কর্মস্থলে উপস্থিত হতে হবে না।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

০৮/১২/২০২৫
(খান সানজিয়া সুলতানা)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বরিশাল বিশ্ববিদ্যালয়

স্মারক নং- বিইউ/রেজি/সংস্কৃতি ও উৎসব/ভলি-৩/২৭৩/২০২৪/৪০৮৩

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ০৮ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতানুসারে নয়):

১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
২। সকল বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (**সংশ্লিষ্ট বিভাগের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ**)।
৩। সংশ্লিষ্ট ব্যক্তিবৃন্দ ও সংশ্লিষ্ট দপ্তর, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৪। প্রক্টর, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল (**সহকারী প্রক্টরদের অবহিতকরণের অনুরোধসহ**)।
৫। পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয় (**বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য**)।
৬। সকল অফিস প্রধান, বরিশাল বিশ্ববিদ্যালয় (**সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ**)।
৭। ম্যানেজার, পরিবহণ পুল, বরিশাল বিশ্ববিদ্যালয় (**রুট অনুযায়ী গাড়ীর সিডিউল করে সকলকে অবহিত করার অনুরোধসহ**)।
৮। উপ-পরিচালক, জনসংযোগ অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৯। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (**ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য**)।
১০। নোটিস বোর্ডসমূহ।
১১। সংশ্লিষ্ট নথি/মহানথি।

৮/১২/২৫
(জিনিয়া খান ঝিনুক)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
বরিশাল বিশ্ববিদ্যালয়